

বিষয় – বাংলা

ক – বিভাগ – গণ্য (ক বিভাগ থেকে ১টি প্রশ্নের উত্তর দাও)

১। রাশেদ বাসে যাওয়ার সময় পাশের সিটে একটি মানি ব্যাগ পরা পেল। মানিব্যাগের মধ্যে বেশ কিছু টাকাও ছিল। প্রথমে সে টাকাগুলো নিজেই ভোগ করতে চাইলো। কিন্তু পরবর্তিতে তার এই মানসিকতা পরিবর্তন হলো। সে মানিব্যাগটি তার মালিককে ফেরত দেওয়ার সিদ্ধান্ত নিল।

ক। পড়ে পাওয়া গল্পটির লেখক কে?

খ। “ওর মতো কত লোক আসবে”- বিধুর এ-ই কথার অর্থ বুঝিয়ে লেখ।

গ। রাশেদের চরিত্রের সাথে পড়ে পাওয়া গল্পের কোন চরিত্রের মিল রয়েছে বলে তোমার মনে হয়? ব্যাখ্যা কর

ঘ। রাশেদের মানিব্যাগ ফেরত দেওয়ার আগ্রহ পড়ে পাওয়া গল্পের ভিত্তিতে মানবিকতার কোন গুণটির প্রকাশ বলে তোমার মনে হয় ব্যাখ্যা কর

২। নেলসন ম্যান্ডেলা সারাজীবন বর্ণবাদের বিরুদ্ধে সংগ্রাম করেছেন। অনেক নির্যাতন সহ করেছেন। অবশেষে জয় হয় মানবিকতার।

ক। জাতীয় পরিষদ কি

খ। ৭ই মার্চের ভাষন গুরুত্বপূর্ণ কেন?

গ। উদ্দীপকের সাথে “এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম” গল্পের কোন চরিত্রের সাদৃশ্য রয়েছে, ব্যাখ্যা কর

ঘ। মানবিকতার জয় বলতে “এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম” গল্পের কোন দিকটিকে ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা কর

খ বিভাগ – পণ্য(খ বিভাগ থেকে একটি প্রশ্নের উত্তর দাও)

৩। রবি অনেক দিন ধরেই বিদেশে থাকেন। বিদেশে থাকলেও তার মন পরে থাকে দেশে। দেশের নদী, মাঠ, পুকুর তার মনের গহীনে গেথে আছে। তিনি গরিবদের যথাসাধ্য সাহায্য সহযোগিতা করেন।

ক। রবীন্দ্রনাথ কত সালে নোবেল পান

খ। ছিলে দেবী, হলে দাসী – কেন

গ। উদ্দীপকের রবি “দুই বিঘা জমি” কবিতার কোন চরিত্রের বিপরীত? ব্যাখ্যা কর

ঘ। রবির মানসিকতা ও “দুই বিঘা জমি” কবিতার উপেনের উপলব্ধি একই সূত্রে গাথা- ব্যাখ্যা কর

৪। সাজিদ কোন কাজই ঠিকভাবে করতে পারে না। কাজ করতে গেলেই বিভিন্ন চিন্তা তার মাথায় ঘোরে। কাজটি হবে কি হবে না, পারব কি পারবো না, এইভাবে সে কোন কিছুই করতে পারে না।

ক। সব শব্দের অর্থ কি

খ। শক্তি মরে ভীতির কবলে বলতে কি বোঝানো হয়েছে

গ। উদ্দীপকের সাজিদের সাথে “পাছে লোকে কিছু বলে” কবিতার সাদৃশ্য কোথায় ব্যাখ্যা কর

ঘ। সাজিদ কিভাবে এই পরিস্থিতি থেকে মুক্তি পেতে পারে? “পাছে লোকে কিছু বলে” কবিতার ভিত্তিতে আলোচনা কর।

গ বিভাগ – নিমিত্তি

৫. যে কোন একটি প্রশ্নের উত্তর দাও $৫ \times ১ = ৫$

(ক) সারাংশ লেখ:-

একজন মানুষ ভালো কি মন্দ আমরা তা বুঝতে পারি তার ব্যবহার দিয়ে। সে ভদ্র কি অভদ্র তাও বুঝতে পারি তার ব্যবহার দিয়ে। ব্যবহার ভালো হলে লোকে তাকে ভালো বলে। তাকে পছন্দ করে। ব্যবহার খারাপ হলে লোকে তাকে খারাপ বলে। তাকে অপছন্দ করে। তার সঙ্গে মিমতে চায় না। তার সঙ্গে কাজ করতে চায় না। তাকে কাছে ডাকতে চায় না। তোমার ব্যবহার দিয়েই তোমার মনুষ্যত্বের পরিচয়।

অথবা,

(খ) সারমম লেখ:- $৫ \times ১ = ৫$

নম: নম: সুন্দরী মম জননী বঙ্গভূমি!
গঙ্গার তীর, সিন্ধু সমীর, জীবন জুড়ালে তুমি।
অবারিত মাঠ, গগনললাট চুমে তব পদধূলি
ছায়াসূনিবিড় শান্তির নীড় ছোটো ছোটো গ্রামগুলি।
পল্লবঘন আশ্রকানন রাখালের খেলাগেহ,
সুন্দর অতল দিঘি কালোজল-নিশীতশীতল স্নেহ।
বুকভরা মধু বঙ্গের বধু জল লয়ে যায় ঘরে-
মা বলিতে প্রাণ করে আনিচান, চোখে আসে জলভরে।

৬. যে কোন একটি অনুচ্ছেদ লেখ

$৫ \times ১ = ৫$

ক) একুশে ফেব্রুয়ারি

খ) বিজয় দিবস

৭. যে কোন একটি প্রশ্নের উত্তর দাও:-

$৫ \times ১ = ৫$

ক) মনে কর তোমার নাম রাসেল / রাসিদা। তোমার বন্ধু কম্পিউটারের বিষয়ে তেমন জানে না। কম্পিউটার শিক্ষার গুরুত্ব বর্ণনা করে তোমার বন্ধু মামুনকে একটি চিঠি লেখ।

অথবা

খ) মনে কর তুমি কামারগ্রাম কাঞ্চন একাডেমী স্কুলের একজন ছাত্র। তোমার স্কুলে বিজ্ঞান ক্লাব গঠনের অনুমতি চেয়ে প্রধান শিক্ষকের নিকট একখানা আবেদন পত্র লিখ।

বহুনিবাচনি – ১৫

১. 'পড়ে পাওয়া' গল্পের কে পায়ে হোচট খেয়েছিল

- ক. বাদল
খ. নিধু
গ. বিধু
ঘ. তিনু

২. নিধুকে কে ধমক দিয়েছিল

- ক. বাদল
খ. বিধু
গ. তিনু
ঘ. বাবা

৩. ন্যাশনাল অ্যাসেম্বলি কি?

- ক. গণপরিষদ
খ. সচিবালয়
গ. জাতীয় সংসদ
ঘ. সুপ্রিম কোর্ট

৪. ধাম শব্দের অর্থ কি?

- ক. খড়ের গাদা
খ. তীর্থস্থান
গ. খড়ের পালা
ঘ. শ্যাওলার স্তূপ

৫. কোনটিকে বৃদ্ধদের সাথে তুলনা করা হয়েছে।

- ক. শক্তি
খ. চিন্তা
গ. কাজ
ঘ. ঘুম

৬. কবি কামিনী রায় কত সালে জন্মগ্রহণ করেন।

- ক. ১৯৩২
খ. ১৯৬৬
গ. ১৯৭৬
ঘ. ১৮৬৪

৭. উচ্চারণ –এর সন্ধি বিচ্ছেদ কোনটি

- ক. উৎ + চারণ
খ. উৎ + চরণ
গ. উত + চারণ
ঘ. উৎ + চারণ

৮. দুধের মাছি –এর বাগধারা কি

- ক. দলভুক্ত
খ. দলপতি
গ. অসভ্য
ঘ. সুসময়ের বন্ধু

৯. রবীন্দ্রনাথ ঠাকুর কোন বিষয়ে নোবেল পুরস্কার পান

- ক. শান্তি
খ. সাংবাদিকতা
গ. সাহিত্য
ঘ. সমাজকল্যাণ

১০. চাদের হাট—এর বাগধারা কি

- ক. আনন্দের প্রাচুর্য
খ. দলপতি
গ. পানি
ঘ. সলিল

১১. বাংলাদেশের সংবিধান কত সালে রচিত হয়

- ক. ১৯৭২
খ. ১৯৭৫
গ. ১৯৭০
ঘ. ১৯৭১

১২. ভাঙ্গা নাট মন্দিরটি কাদের ছিল

- ক. বিধুদের
খ. তিনুদের
গ. লেখকদের
ঘ. বাদলদের

১৩. নাটকের সংলাপের উপযোগী নয় কোন ভাষা

- ক. সাধু
খ. চলিত
গ. বিদেশি
ঘ. কোনটি নয়

১৪. 'তথাপি' শব্দের চলিত রূপ কোনটি

- ক. তবে
খ. তদ্রূপ
গ. তবুও
ঘ. তথা

১৫. নবান্ন - এর সন্ধি বিচ্ছেদ কোনটি

- ক. নব + অন্ন
খ. নবা + অন্ন
গ. নব: + অন্ন
ঘ. নবা + অন্না